KOTULPUR P.S.

W.B. Form No.

# FIRST INFORMATION REPORT

06511

First information of a cognizable crime reported under section 154 Cr. P.C., at P.S.

1. Dist. BANKURA Sub-Divn. BISHNUPUR P.S. KOTULPUR Year 2024 FIR No. 161/24 Date 06.06.2024
2. (i) Act IPC Sections 447/420/468/406/323/506/34 IPC (ii) Act ... Sections ...
   (iii) Act ✗ Sections ✗ Other Acts & Sections ✗
3. (a) General Diary Reference : Entry No. 239 Time 10:45 HRS
   (b) Occurrence of Offence : Day 14.05.2024 Date TUESDAY Time 15:00 HRS
   (c) Information Received Date ON 06.06.2024 Time 10:45 HRS
   G.D. No. 239 at the Police Statiion : KOTULPUR
4. Type of information : Written / ~~Oral~~ COURT COMPLAINT
5. Place of Occurrence : (a) Direction and Distances from P.S. ...
   (b) Address IN THE HOUSE OF THE COMPLAINANT AT VILL+PO+PS- KOTULPUR DIST- BANKURA, JL No- 51 ANCHAL No- IV KOTULPUR GP.
   (c) In case outside limit of this Police Station, then the name of P.S. ...
   District ...
6. Complaint / Information :
   (a) Name SUPRABHAT ROY
   (b) Father's / ~~Husband's~~ Name JOYDEB ROY
   (c) Date / Year of Birth 27 YRS
   (d) Nationality INDIAN
   (e) Address Vill- BHAGALPUR, PS-KOTULPUR A/P- VILL+PO+PS- KOTULPUR, DIST- BANKURA
7. Details of Known / Suspected / Unknown / Accused with full particulars. 1) MOHAMMAD NIJAM MONDAL S/o- RAKESH MONDAL OF VILL- MURALI, PS- DUTTAPUKUR, BARASAT, DIST- NORTH 24 PARGANAS
   (Attach separate sheet, if necessary)
8. Reasons for delay in reporting by complaint / informant 2) SUMAN GHOSH. S/o- BISWAJIT GHOSH OF VILL- MAJHERPARA, NURNAGAR, PS- DEGANGA, DIST- NORTH 24 PARGANAS.
9. Particulars of properties stolen / involved : (attach seperate sheet, if required) : ...
10. Total value of Properties stolen / Involved : ASCERTAINED DURING INVESTIGATION.
11. Inquest report / U.D. : Case No. if any : N/A
12. FIR Contents : (Attach separate Sheet, if required) THE ORIGINAL WRITTEN COURT COMPLAINT DULY FORWARDED BY LD. A.C.J.M BISHNUPUR COURT WHICH IS TREATED AS FIR IS ATTACHED HERE WITH.
13. Action taken : Since the above report reveals commission of offence(s) u/s 447/420/468/406/323/506/34 IPC

registered the case and ~~tookup the investigation~~ / directed SI SUJIT DAS OF KOTULPUR PS to take up the investigation transferred to P.S. ... on point of jurisdiction. FIR read over to the complaint / informant admitted to be correctly recorded and a copy given to the complaint / Informant free of cost.

COURT COMPLAINT

Signature / Thumb Impression of
the Complainant / Informant

[signature] 06/06/24

Signature of the Officer-In-Charge, Police Station with
Name : BINDHESWAR GORAIN
Rank : SI OF POLICE
Number if any : OIC KOTULPUR PS

Officer-in-charge
Kotulpur P.S.
Dist. Bankura

In the Court of Ld. A.C.J.M. at Bishnupur, Dist.- Bankura

Case No. Misc. Petn. Sl. No. 101/2024

**বাদীর নাম ও ঠিকানা** :- সুপ্রভাত রায় পিতা- জয়দেব রায়, বয়স ২৭ বৎসর, সাকিম- ভগলপুর, থানা- কোতুলপুর হাল সাং + পোস্ট + থানা- কোতুলপুর, জেলা- বাঁকুড়া পিন নম্বর- ৭২২১৪১ ।

**আসামীদের নাম ও ঠিকানা** :- (১) মহম্মদ নিজাম মন্ডল (ফোন নম্বর-৯১২৩৯১৯১৬০) পিতা-রাকেশ মন্ডল সাকিম- মুড়ালী থানা- দত্তপুকুর, সাবেক বারাসত, জেলা- উত্তর ২৪ পরগনা (২) সুমন ঘোষ (ফোন নম্বর-৭৬০২৮৪৭৮২০) পিতা-বিশ্বজিৎ ঘোষ সাকিম- মাঝেরপাড়া, নুরনগর থানা-দেগঙ্গা, জেলা- উত্তর ২৪ পরগনা ।

**সাক্ষীগনের নাম ও ঠিকানা** :- (১) বাদী স্বয়ং (২) জয়দেব রায় পিতা- ৺রবীন্দ্রনাথ রায় (৩) সোনালী রায় স্বামী-জয়দেব রায় (৪) বাবলু বল্লভ পিতা- উমাপদ বল্লভ (৫) পলাশ রায় পিতা- নবকুমার রায় সর্ব্ব সাং + পোস্ট + থানা- কোতুলপুর, জেলা- বাঁকুড়া পিন নম্বর- ৭২২১৪১ । প্রয়োজনে আরো সাক্ষ্য দেবো ।

**ঘটনার তারিখ, সময় ও স্থান** :- ইংরাজীর ১৪/০৫/২০২৪ তারিখে বিকাল ৩ টার সময় বাদীর নিজ বাড়িতে ।

**মহাত্মান,**

ঘটনার বিবরন এই যে বাদী WB870542 নম্বর ছয় চাকা বিশিষ্ট সুন্দরম ফাইন্যান্স এর মাধ্যমে একটি লড়ি ক্রয় করিয়াছিলেন, যাহার Engine no.3.3LNGD06FXX516042Chassis no. MAT784023N7F14054, Model No. T.11 ULTRA DCR39HSD 125B6M5 হইতেছে । বাদীর পারিবারিক সমস্যার জন্য উক্ত নম্বর গাড়িটি সুন্দরম ফাইন্যান্স এর কিস্তি পরিশোধ করিতে না পারায়

পরপৃষ্ঠ্যা.....০২

Received complaint on 06.06.2024 at 10.45 hrs and started Kotulpur PS Case No - 161/24 Dated. 06.06.24 U/S - 447/420/468/406/323/506/34 IPC.

Officer-in-charge Kotulpur P.S. Dist-Bankura 06/06/24

2 0 MAY 2024

(২)

উক্ত গাড়িটি উত্তর ২৪ পরগনা জেলার দত্তপুকুর, সাবেক বারাসত থানার অন্তর্গত মুড়ালী গ্রামের মহম্মদ নিজাম মন্ডল পিতা-রাকেশ মন্ডল কে অর্থাৎ উপরোক্ত ১ নং আসামীকে ইংরাজির ১০/০৪/২০২৩ তারিখে বাদী বারাসত কোর্টে একটি ১০০/- টাকার স্ট্যাম্প পেপারে গাড়ি বিক্রয়নামা/হস্তান্তরনামা এর মাধ্যমে নোটারাইজ করাইয়া উক্ত গাড়িটি হস্তান্তর করিয়াছিলেন যাহার (নোটারাইজ) NR No. 16589 dated-১০/০৪/২০২৩ হইতেছে । উক্ত হস্তান্তরনামাতে অর্থাৎ যে নোটারাইজ কাগজটি বাদী করিয়াছিলেন তাহাতে উল্লেখ ছিল যে ১ নং আসামীকে অর্থাৎ মহম্মদ নিজাম মন্ডল কে উক্ত গাড়িটির ৫২ টি ফাইন্যান্সের কিস্তি মাসিক ৩৬৫০০/- টাকা হিসাবে দিতে বাধ্য থাকিবেন । কিন্তু পরবর্তীকালে মহম্মদ নিজাম মন্ডল কিছু কিস্তি পরিশোধ করিবার পর বর্তমানে দুটি কিস্তি অর্থাৎ ২০২৪ সালের এপ্রিল এবং মে মাসের কিস্তি পরিশোধ করেন নাই । আরো উল্লেখ থাকে যে সমস্ত ফাইন্যান্সের কিস্তি পরিশোধ হইবার পর বাদী উক্ত গাড়িটি আর.টি.ও এর মাধ্যামে মহম্মদ নিজাম মন্ডলের নামে মালিকানা হস্তান্তর করিয়া দেবেন বলিয়াছিলেন । কিন্তু মহম্মদ নিজাম মন্ডল অর্থাৎ ১ নং আসামী উক্ত ফাইন্যান্সের কিস্তি পরিশোধ না করায় বাদীকে ইংরাজীর ১১/০৫/২০২৪ তারিখে সুন্দরম ফাইন্যান্স হইতে ফোন করে বলে যে উক্ত গাড়ির ফাইন্যান্সের কিস্তি কেন পরিশোধ করেন নাই ? উক্ত ঘটনার বিষয় জানার পর বাদী বারে বারে ১ নং আসামীকে অর্থাৎ মহম্মদ নিজাম মন্ডল কে ফোনে উক্ত ফাইন্যান্সের কিস্তি পরিশোধ করিবার কথা বলিলে উক্ত ১ নং আসামী বাদীকে কু:কথায় গালিগালাজ করে এবং উক্ত আসামী বলে যে আমি আপনার উক্ত গাড়িটি উত্তর ২৪ পরগনা জেলার দেগঙ্গা থানার অন্তর্গত মাঝেরপাড়া, নুরনগর গ্রামের বিশ্বজিৎ ঘোষ এর পুত্র সুমন ঘোষ কে অর্থের বিনিময়ে বিক্রয় করিয়া দিয়াছি, আমি আর কিস্তি পরিশোধ করিতে পারিব না । একথা বাদী শোনার পর বাদী মহম্মদ নিজাম মন্ডল কে অর্থাৎ ১ নং আসামীকে বলেন যে আমি গাড়ির মালিক এবং উক্ত গাড়ির ফাইন্যান্সের কিস্তির টাকা সম্পূর্ন পরিশোধ না করিয়া কীভাবে আমার উক্ত গাড়িটি আপনি বিক্রয় করিলেন ? পরবর্তীকালে বাদী জানতে পারেন যে তাহার সহি নকল বা জালিয়াতি করে এবং বাদীকে

পরপৃষ্ঠ্যা.....০৩

20 MAY 2024

(৩)

প্রতারনা করে বাদীর সম্পত্তি অসাধুভাবে হস্তান্তর করে নিম্নের দুই ব্যাক্তি বাদীর গাড়িটি আত্মসাৎ করিয়াছে যাহার Notarial Certificate Sl. No. 693/2023 dated- 28/11/2023 হইতেছে। পুন:রায় বাদী নিম্নের চক্রান্তকারী দুই ব্যাক্তিকে ফোন করিলে নিম্নের ব্যাক্তিগন বাদীকে বলে যে তুই এখানে এলে তোকে প্রানে মেরে দেব। বাদী বারে বারে অনুনয় বিনয় করেও উপরোক্ত আসামীদের বাড়িতে ইংরাজীর ১২/০৫/২০২৪ তারিখে গিয়ে ফাইন্যান্সের কিস্তি পরিশোধের কথা বলিলে বাদীকে আসামীরা বলে যে আমরা তোমার বাড়িতে গিয়ে অর্থাৎ বাদীর বাড়িতে গিয়ে সমস্ত কিছু বোঝাপোড়া করিব এবং তাহা বাদী বিশ্বাস করে বাড়ি ফিরে আসেন। হঠাৎ ইংরাজীর ১৪/০৫/২০২৪ তারিখে বিকাল ৩ টার সময় নিম্নের চক্রান্তকারী আসামীগন বাদীর বাড়িতে এসে উক্ত ফাইন্যান্সের কিস্তির টাকা দেব বলিয়া স্বীকার করে কিন্তু কিস্তির টাকা না দিয়ে বাদীকে গালিগালাজ ও মারধোর করে এমনকি বাদীকে ঠিলে ফেলে দিয়ে বাদীর বাড়ি হইতে বাদীকে প্রানে মারার হুমকি দিতে দিতে পলায়ন করে। বাদীর দৃঢ় বিশ্বাস উক্ত চক্রান্তকারী আসামীদ্বয় বাদীকে আত্মগোপন করে বাদীর সহি নকল করে ফাইন্যান্সের কিস্তির টাকা পরিশোধ না করে বাদীর WB870542 নম্বর গাড়িটি আত্মসাৎ করিয়াছে। উক্ত গাড়ির ফাইন্যান্সের টাকা পরিশোধ না করার জন্য উক্ত সুন্দরম ফাইন্যান্স কোম্পানি হইতে বাদীকে বারে বারে ফোন করিতেছে, ইহাতে বাদীর জীবন দু:র্বিসহ হইয়া উঠিয়াছে। ঘটনার পরদিন অর্থাৎ ইংরাজীর ১৫/০৫/২০২৪ তারিখে বাদী কোতুলপুর থানায় লিখিতভাবে অভিযোগ দায়ের করিতে গেলে কোতুলপুর থানার পুলিশ অভিযোগ না নেওয়ার জন্য এবং দেখছি, দেখব বলিয়া কালবিলম্ব করায় বাদী ইংরাজীর ১৬/০৫/২০২৪ তারিখে এস. পি. বাঁকুড়া মহাশয়কে লিখিতভাবে ডাকযোগে অভিযোগটি প্রেরন করেন এবং এস. পি. বাঁকুড়া মহাশয় ১৭/০৫/২০২৪ তারিখে অভিযোগপত্রটি রিসিভ করেন। কিন্তু আজও পর্যন্ত কোতুলপুর থানার পুলিশ কোন F.I.R Treat না করায় বাদী হুজুর আদালতে উক্ত আসামীদের বিরুদ্ধে অভিযোগ দায়ের করিতে কালবিলম্ব হইল।

পরপৃষ্ঠ্যা.....০৪

2 0 MAY 2024

Supravat Roy

(৪)

উক্ত অভিযোগ পত্রটির জেরক্স কপি ও অরিজিনাল পোস্টাল রিসিপ্ট, পোস্টাল ট্রাক কনসাইন্টমেনট এর অনলাইন কপি, উক্ত WB870542 নম্বর গাড়ির আর.সি. বুক, ট্যাক্স এর কাগজ এবং দুটি নটারাইজকৃত হস্তান্তরনামার ফটোকপি হুজুর আদালতে ফিরিস্তি করিয়া দাখিল করা হইল । বাদী খুবই গরীব ও দু:স্থ বিধায় নিজ খরচে মোকদ্দমা চালানো সম্ভব নয় বলিয়া -

**প্রার্থনা :**

দয়া করিয়া ফৌজদারী কার্য্য বিধি আইনের ১৫৬ (৩) ধারা মতে তদন্ত সাপেক্ষে অত্র অভিযোগ Treat করিয়া O/C Kotulpur মহাশয়কে আদেশ দিয়া দোষী আসামীদেরকে Arrest পূর্বক হুজুর আদালতে প্রেরন করিবার এবং যাহাতে WB870542 নম্বর গাড়িটি নিম্নের আসামীদ্বয়ের কাছ হইতে উদ্ধার করা যায় তাহার আদেশদানে মর্জ্জি হয় ।

ইতি Supravat Roy

তারিখ-২০/০৫/২০২৪